

বাংলাদেশে গমের পাতার মরিচা/ব্লাস্ট রোগের কৃষক পরামর্শ

২২-২৮ ফেব্রুয়ারি ২০২৪

সতর্কবার্তাঃ ০৩

মূলবার্তা

বাংলাদেশের মধ্য-পশ্চিম ও উত্তর-পশ্চিমাঞ্চলের কিছু কিছু এলাকায় গমের মাঠে পাতার মরিচা রোগের সংক্রমণ নিম্ন মাত্রায় পরিলক্ষিত হচ্ছে। অন্যদিকে, দেশের মধ্য-পশ্চিমাঞ্চল এবং দক্ষিণাঞ্চলে গমের ব্লাস্ট রোগের সংক্রমণ নিম্ন মাত্রায় দেখা গেছে। এছাড়াও কিছু কিছু মাঠে মধ্যম থেকে উচ্চ মাত্রার ব্লাস্ট আক্রান্ত ক্ষেতের সংখ্যা পরিলক্ষিত হয়েছে।

পরামর্শ

বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে গমের ব্লাস্ট ও পাতার মরিচা রোগের সংক্রমণ দেশের অন্যান্য এলাকায় ছড়িয়ে পড়তে পারে। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে গমের মাঠ নিয়মিত পরিদর্শন করার জন্য কৃষকদের উৎসাহিত করতে হবে এবং রোগ দমন ব্যবস্থাপনা বিষয়ক প্রয়োজনীয় পরামর্শ দিতে হবে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের ব্লাস্ট ও পাতার মরিচা রোগের সংক্রমণ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরি ছত্রাকনাশক (নাটিভো ৭৫ ডব্লিউজি/এমিস্টার টপ ৩২৫ এসসি ইত্যাদি) অনুমোদিত মাত্রায় গাছে স্প্রে করতে হবে। এছাড়াও প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিভাগিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।